জেলা সমবায় কার্যালয়, সাতক্ষীরা।

******* সিটিজেন চার্টার ********

১। বৈধ উপায়ে নিজেদের আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের জন্য নূন্যতম ২০(বিশ) জন একক ব্যক্তি সমন্বয়ে গঠিত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়।

২। সমবায় সমিতি নিবন্ধনের সময় সমবায় সমিতি পরিচালনায় সুনির্দিষ্ট বিধানাবলী সম্বলিত উপ-আইন নিবন্ধন করা হয় এবং পরবর্তিতে প্রয়োজনবোধে উপ-আইনের সংশোধনী নিবন্ধন করা হয়।

৩। সরকারী কর্মসূচীর আওতায় বিত্তহীন, ভূমিহীন এবং আশ্রয়হীনদের দারিদ্র বিমোচনের লক্ষ্যে গঠিত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য নিবন্ধন ফি জমা প্রদান এবং অন্যান্য প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য নিবন্ধন ফি জমা।

৪। দারিদ্র বিমোচনের লক্ষ্যে স্বেচ্ছায় বা সরকারী কর্মসূচীর আওতায় গঠিত প্রাথমিক সমিতি নিবন্ধনের জন্য কমপক্ষে তিন হাজার টাকা, ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটি নিবন্ধনের জন্য কমপক্ষে এক কোটি টাকা এবং অন্যান্য প্রাথমিক সমিতি নিবন্ধনের জন্য কমপক্ষে বিশ হাজার টাকা পরিশোধিত শেয়ার মূলধন থাকতে হবে।

৫। সমিতির ব্যবস্থাপনা গণতান্ত্রিকভাবে নির্বাচিত কমিটি কর্তৃক পরিচালিত হয়। কোন সমবায় সমিতি নির্বাচন করতে ব্যর্থ হলে জেলা সমবায় অফিসার আইনের আওতায় অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করেন।

৬। জেলা সমবায় অফিসার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মচারী বা ব্যাক্তি দ্বারা প্রাথমিক সমিতির ব্যবস্থাপনা ও আর্থিক কার্যক্রমের উপর বাৎসরিক নিরীক্ষা সম্পাদন করা হয়।

৭। সমিতিতে সংঘটিত যে কোন অনিয়ম জেলা সমবায় অফিসার পরিদর্শন কিম্বা তদমেন্তর মাধ্যমে নিস্পত্তি করেন।

৮। প্রাথমিক সমিতির নির্বাচন সহ যে কোন সৃষ্ট বিরোধ জেলা সমবায় অফিসারের নিকট দায়ের করা হলে তিনি বা নিযুক্ত সালিশকারী ন্যায়বিচার, সমতা ও সুবিবেচনা প্রসুতভাবে নির্ধারিত সময়ের মধ্যে রায় প্রদান করেন। রায়ে কেউ সংক্ষুব্ধ হলে বিভাগীয় সমবায় দপ্তরের উপ-নিবন্ধক (বিচার) এর নিকট আপীল করতে পারেন। বিরোধ এবং আপীলের সাথে ১০০/- টাকার কোর্ট ফি সংযুক্ত করতে হয়।

৯। প্রাথমিক সমিতি অকার্যকর হলে কিম্বা সদস্যগণ সমিতি পরিচালনায় অনাগ্রহী হলে জেলা সমবায় অফিসার সমিতিকে অবসায়নে ন্যসস্থ করতে পারেন। আবার সদস্যদের আগ্রহের কারনে অবসায়ন আদেশ প্রত্যাহার করতে পারেন।

১০। জেলা সমবায় কার্যালয়ের ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট সমিতিতে গিয়ে সদস্যদের প্রশিক্ষণ দিয়ে থাকে।

১১। কোন অভিযোগ থাকলে জেলা সমবায় অফিসার এর নিকট দাখিল করলে তা নিষ্পত্তি করা হয়ে থাকে।